# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
## চট্টগ্রাম।
## নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং-০১/২০২১ তারিখ ঃ ১৮-০৮-২০২১

নিম্নেবর্ণিত বেতন স্কেল এবং রীতি মোতাবেক দেয় অন্যান্য ভাতায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত পদে নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ-

| ক্রমিক | পদের নাম | অফিস | পদের সংখ্যা | বেতন স্কেল |
|---|---|---|---|---|
| ১। | হিসাব নিয়ামক | হিসাব নিয়ামক দপ্তর | ০১(এক) টি স্থায়ী | ৩য় গ্রেড |
| ২। | পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) | পরিকল্পনা ও উন্নয়ন দপ্তর | ০১(এক) টি স্থায়ী | ৩য় গ্রেড |
| ৩। | প্রধান প্রকৌশলী | প্রকৌশল দপ্তর | ০১(এক) টি স্থায়ী | ৩য় গ্রেড |
| ৪। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল) | প্রকৌশল দপ্তর | ০১(এক) টি স্থায়ী | ৪র্থ গ্রেড |
| ৫। | নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) | প্রকৌশল দপ্তর | ০১(এক) টি স্থায়ী | ৫ম গ্রেড |
| ৬। | সহকারী প্রকৌশলী (অটোমোবাইল/মেকানিক্যাল) | পরিবহন দপ্তর | ০১(এক) টি স্থায়ী | ৯ম গ্রেড |

**প্রয়োজনীয় যোগ্যতা ঃ**

**১। হিসাব নিয়ামক ঃ**

প্রার্থীর ন্যূনতম অনার্সসহ এম.বি.এ ডিগ্রিধারী হতে হবে। অনার্স/মাস্টার্স ডিগ্রির যে কোন একটিতে ১ম শ্রেণিধারী প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। যে কোন সরকারি/আধাসরকারি অথবা স্বায়ত্ব শাসিত প্রতিষ্ঠানে উচ্চতর পদে জাতীয় বেতন স্কেলের ন্যূনপক্ষে ৫ম গ্রেডের কর্মকর্তা পদে অন্তত: ০৮ (আট) বছরের অভিজ্ঞতাসহ কর্মকর্তা হিসেবে ১৫ (পনের) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। স্বীকৃত প্রফেশনাল শিক্ষাগত যোগ্যতা যেমন-সি.এ/আই.সি.এম.এ. অর্জিত প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। আবেদনকারীর শিক্ষা জীবনে কোন স্তরে ৩য় শ্রেণি/বিভাগ গ্রহণযোগ্য হবে না। শর্ত পূরণ স্বাপেক্ষে বিভাগীয় প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

আবেদনের তারিখে প্রার্থীর বয়সসীমা কমপক্ষে ৪৫ (পঁয়তাল্লিশ) বছর হতে হবে। যোগ্যতর প্রার্থীর ক্ষেত্রে শর্ত শিথিল যোগ্য।

**২। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ঃ**

প্রার্থীর ন্যূনতম অনার্সসহ স্নাতকোত্তর ডিগ্রি এবং স্বীকৃত দেশী/বিদেশী প্রতিষ্ঠান থেকে প্রকল্প ব্যবস্থাপনা কোর্স সমাপনী ডিপ্লোমা থাকতে হবে। অনার্স/মাস্টার্স ডিগ্রির যে কোন একটিতে ১ম শ্রেণিধারী প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। পরিকল্পনা ও উন্নয়ন কর্মকান্ডে জাতীয় বেতন স্কেলে ন্যূনপক্ষে ৫ম গ্রেডের কর্মকর্তা পদে অন্তত: ০৮ (আট) বছরের অভিজ্ঞতাসহ কর্মকর্তা হিসেবে ১৫ (পনের) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। বিভিন্ন ধরণের পরিকল্পনা প্রণয়ন, মূল্যায়ন, বাস্তবায়ন, অগ্রগতির প্রতিবেদন তৈরী ইত্যাদি কাজে এবং বিভিন্ন পদ্ধতিতে উন্নয়ন পরিকল্পনায় বিশেষ ব্যুৎপত্তিসম্পন্ন হতে হবে। আবেদনকারীর শিক্ষা জীবনে কোন স্তরে ৩য় শ্রেণি/বিভাগ গ্রহণযোগ্য হবে না। শর্ত পূরণ সাপেক্ষে বিভাগীয় প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

আবেদনের তারিখে প্রার্থীর বয়সসীমা কমপক্ষে ৪৫ (পঁয়তাল্লিশ) বছর হতে হবে। যোগ্যতর প্রার্থীর ক্ষেত্রে শর্ত শিথিল যোগ্য।

**৩। প্রধান প্রকৌশলী ঃ**

প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট থেকে স্নাতক ডিগ্রির অধিকারী হতে হবে। প্রার্থীর কোন বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্ব শাসিত/খ্যাতিমান প্রতিষ্ঠান-এ প্রকৌশলের বিভিন্ন শাখার রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কাজের তদারকি ও ব্যবস্থাপনা এবং উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও ব্যবস্থাপনার কাজে তত্ত্বাবধায়ক প্রকৌশলী বা সমমানের পদে ০৬ (ছয়) বছরের অভিজ্ঞতাসহ মোট ২০ (বিশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। উপরোক্ত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন উচ্চতর ডিগ্রিধারী প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। বয়স অনুর্ধ ৫৫ বছর। এ বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিল করা যেতে পারে। শিক্ষা জীবনে কোন স্তরে ৩য় শ্রেণি/বিভাগ গ্রহণযোগ্য হবে না। নিয়োগের শর্ত পূরণ সাপেক্ষে বিভাগীয় প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

**৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল) ঃ**

প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের বা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট থেকে পুর:কৌশল-এ স্নাতক ডিগ্রির অধিকারী হতে হবে। প্রার্থীর কোন বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত/খ্যাতিমান প্রতিষ্ঠান এ প্রকৌশলে বিভিন্ন শাখার রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কাজের তদারকি ও ব্যবস্থাপনা, উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন এবং কোন সরকারি/আধা-সরকারি ও স্বায়ত্ব শাসিত প্রতিষ্ঠানে নির্বাহী প্রকৌশলী অথবা সমমানের পদে ছয় বছরের অভিজ্ঞতাসহ মোট ১২ (বারো) বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। উপরোক্ত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন উচ্চতর ডিগ্রিধারী প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। বয়স অনুর্ধ ৫০ বছর। শিক্ষা জীবনে কোন স্তরে ৩য় শ্রেণি/বিভাগ গ্রহণযোগ্য হবে না। নিয়োগের শর্ত পূরণ সাপেক্ষে বিভাগীয় প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

**৫। নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) ঃ**

প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত পলিটেকনিক বা প্রকৌশল ইনস্টিটিউট থেকে তড়িৎ কৌশল-এ স্নাতক ডিগ্রির অধিকারী হতে হবে। প্রার্থীর কোন বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্ব শাসিত/খ্যাতিমান প্রতিষ্ঠান-এ বৈদ্যুতিক সংরক্ষণ ও ব্যবস্থাপনা সংক্রান্ত কাজে সহকারী প্রকৌশলী অথবা সমমানের পদে কমপক্ষে ০৬ (ছয়) বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। উপরোক্ত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন উচ্চতর ডিগ্রিধারী প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। বয়স অনুর্ধ ৪০ বছর।

অথবা

প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের বা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট থেকে তড়িৎ কৌশল-এ ডিপ্লোমাধারী হতে হবে। প্রার্থীর কোন বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্ব শাসিত/খ্যাতিমান প্রতিষ্ঠান-এ বৈদ্যুতিক সংরক্ষণ ও ব্যবস্থাপনা কাজে মোট ১২ (বারো) বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর এস.এস.সি ও ডিপ্লোমা পরীক্ষায় কমপক্ষে ২য় শ্রেণি বা সমমানের গ্রেড থাকতে হবে। উপরোক্ত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন উচ্চতর ডিগ্রিধারী প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। বয়স অনুর্ধ ৪৫ বছর। এ বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

নিয়োগের শর্ত পূরণ সাপেক্ষে বিভাগীয় প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

**৬। সহকারী প্রকৌশলী (অটোমোবাইল/মেকানিক্যাল) ঃ**

প্রার্থীকে অবশ্যই বি.এস.সি ইঞ্জিনিয়ারিং (অটোমোবাইল/ মেকানিক্যাল) পাশ হতে হবে অথবা প্রার্থীকে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং-এ ডিপ্লোমা পাশ হতে হবে অথবা কোন এম.টি অথবা ই.এম.ই অথবা ওয়ার্কশপের মেকানিক্যাল সেকশনে ১০ (দশ) বছরের কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রাক্তন ই.এম.ই পার্সোনেল হতে হবে। নিয়োগের শর্ত পূরণ সাপেক্ষে বিভাগীয় প্রার্থীকে অগ্রাধিকার দেয়া পারে।

নিয়োগের শর্ত পূরণ সাপেক্ষে মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য ৩০% কোটা নির্ধারিত থাকবে। এক্ষেত্রে প্রার্থীকে দরখাস্তের উপরে **"মুক্তিযোদ্ধা কোটা"** উল্লেখ করতে হবে এবং মুক্তিযোদ্ধার যথাযথ সনদপত্রের সত্যায়িত কপি দরখাস্তের সাথে সংযোজন করতে হবে।

উক্ত পদসমূহে নিয়োগ পেলে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে প্রথম যোগদানের পর অন্তত: ০২ (দুই) বছর চাকরি করতে হবে এবং যোগদানের সময় এ মর্মে একটি অঙ্গীকারনামা প্রদান করতে হবে। উক্ত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কর্মকর্তার কোন চাকরির আবেদন অন্য কোন প্রতিষ্ঠানে ফরোয়ার্ড করা হবে না।

ব্যক্তিগতভাবে যোগাযোগ করে রেজিস্ট্রার অফিস হতে অথবা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট http://www.cu.ac.bd. থেকে Download করে দরখাস্তের নির্ধারিত ফরম সংগ্রহ করা যাবে। উপরোক্ত পদসমূহের জন্য ১০ (দশ) সেট দরখাস্ত আগামী **০৯-০৯-২০২১ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (সকাল ৯টা হতে বেলা ২.৩০ মি. পর্যন্ত) গৃহীত হবে।**

বাংলাদেশের অগ্রণী/জনতা ব্যাংক লি: এর যেকোন শাখা হতে রেজিস্ট্রার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এর অনুকূলে অগ্রণী/জনতা ব্যাংক লি:, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা, চট্টগ্রাম এর উপর প্রদেয় দরখাস্ত ফি বাবদ ৳ ৫০০/-(পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) ও প্রার্থীকে সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ফটো দরখাস্তের মূল সেটের সাথে এবং মার্কসশীটসহ সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও নাগরিকত্ব সার্টিফিকেটের সত্যায়িত কপি দরখাস্তের প্রত্যেক সেটের সাথে অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর নিকট নির্ধারিত তারিখের মধ্যে পৌঁছাতে হবে।

ফি ব্যতিরেকে কিংবা উপরে বর্ণিত ব্যাংক ব্যতিত অন্য কোন ব্যাংকে দেয় ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ প্রাপ্ত দরখাস্ত, বিজ্ঞপ্তির শর্ত পূরণ না করলে সে দরখাস্ত, বিজ্ঞপ্তির যোগ্যতা অনুযায়ী প্রয়োজনীয় ডিগ্রি পরীক্ষায় Appeared প্রার্থীর পেশকৃত দরখাস্ত, নির্ধারিত শেষ তারিখের পরে প্রাপ্ত দরখাস্ত, ডাকযোগে/কুরিয়ার সার্ভিস ইত্যাদির মাধ্যমে প্রেরিত কোন দরখাস্ত নির্ধারিত শেষ তারিখের মধ্যে পাওয়া না গেলে সে দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। বিশেষ ক্ষেত্রে অতিরিক্ত পরিপূর্ণ এক সেট দরখাস্ত যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করে নির্ধারিত সংখ্যক দরখাস্ত (ব্যাংক ড্রাফট ও সংশ্লিষ্ট সকল কাগজপত্রসহ) অগ্রিম হিসেবে যথাসময়ে দাখিল করতে হবে।

নির্বাচিত প্রার্থীগণের মাসিক মূল বেতন নির্ধারণের ক্ষেত্রে কোন প্রতিষ্ঠানের এল.পি.সি. গ্রহণ করা হবে না।

বিঃ দ্রঃ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), হিসাব নিয়ামক ও সহকারী প্রকৌশলী (অটোমোবাইল/মেকানিক্যাল) পদে নিয়োগের পূর্বের বিজ্ঞপ্তির কার্যক্রম এতদ্বারা বাতিল মর্মে গণ্য হবে।

২৫/৮/২০২১

**(প্রফেসর এস.এম. মনিরুল হাসান)**
**রেজিস্ট্রার**
(ভারপ্রাপ্ত)
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

ফোন নং পিএবিএক্স-৭২৬৩১১-১৪, ২৬০৬০০১-১০, ২৬০৬০১৫-২৭
এক্স-৪২০১